স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত
**হ্যানিম্যান হল**
মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান
হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।
হোমিও পেটেন্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।
**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ
সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫১শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৪শে চৈত্র বুধবার, ১৩৭১ ইং 7th April 1965 { ৪৫শ সংখ্যা


সকল ঘরের তরে...
**দীপ্তি** লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. SERVICE

**রান্নায় আনন্দ**
এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।

PATENT NO. 62954/57
**খাস জনতা**
কেরোসিন কুকার
নিপুণতা আমাদের।
প্রস্তুতকারক :
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**আর. পি. ওয়াচ কোং**
পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।
ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

স্টুডেন্টস ফেভারিট
রঘুনাথগঞ্জ, ( বাস ষ্ট্যাণ্ড ) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৪শে চৈত্র বুধবার সন ১৩৭১ সাল।

## শ্রাদ্ধ ও তর্পণ

—০—

মৃতের আত্মার সন্তোষ বিধানের জন্য হিন্দু-গণের করণীয় কার্য্য শ্রাদ্ধ ও তর্পণ। শ্রাদ্ধ ও তর্পণ এই শব্দ দুটীর ধাতুগত অর্থ হচ্ছে—শ্রদ্ধা ক'রে যা দেওয়া যায় তার নাম শ্রাদ্ধ, আর তৃপ্তির জন্য যা করা যায় তার নাম তর্পণ।

শ্রাদ্ধে প্রদত্ত পিণ্ডাদি মন্ত্র পাঠ ক'রে মৃতের নামে উৎসর্গীকৃত হ'লেও আমরা দেখি—যেখানকার পিণ্ড সেইখানেই পড়ে থাকে। পণ্ডিতরা সেই পিণ্ডের জন্য ব্যবস্থা ক'রেছেন।

"গো-অজে-বিপ্রে দদ্যাৎ জলে বা ক্ষিপেৎ"

পিণ্ড—গরু, ছাগল, ব্রাহ্মণকে দিবে, কিংবা জলে নিক্ষেপ করবে। মৃত বাপ বা মা পিণ্ড গ্রহণ করলেন কি না তা আমরা প্রত্যক্ষ করতে পারি না।

জীবন্ত বাবা বা জীবন্ত মা-কে তাঁদের জীবদ্দশায় শ্রদ্ধা ক'রে খেতে দেওয়া বা তৃপ্তির জন্য কার্য্য করলে, তাঁরা আমাদের প্রদত্ত দ্রব্যাদি উপভোগ করলেন—এটা আমরা স্বচক্ষে দেখে মনের মধ্যে আনন্দ লাভ করতে পারি। কিন্তু সাধারণতঃ জ্যান্ত বাপ মা-কে ভাল খাদ্য বা ভাল পরিধেয় স্বহস্তে খাইয়ে বা পরিয়ে নিজেরা ধন্য মনে করি, আমাদের মধ্যে এমন কয় জন আছেন?

মুমূর্ষু স্বজনকেই প্রায় লোকে জিজ্ঞাসা করে—কিছু খেতে মনে হচ্ছে? তখন হয় তো তাঁর গলা দিয়ে গঙ্গা জল বা ঠাকুরদের চরণামৃত নামছে না। ম'রে গেলে, তখন তিনি যা' যা' খেতে ভাল বাস্‌তেন, সেই সব দ্রব্য সংগ্রহ ক'রে ব্রাহ্মণ ভোজন করাই। মনে করি, যেন ডাকঘরে দিলাম, তাঁর কাছে পৌঁছে যাবে। দেখা যায় চিকিৎসায় ব্যয় হ'লো ২৫৲ টাকা কিন্তু শ্রাদ্ধে ব্যয় হ'লো ৬০০০৲ ছয় হাজার টাকা। জীবন্ত বাপের পিছনে এই টাকা ব্যয় ক'রলে বাড়ীতে চিকিৎসকের সভা বসাতে পারা যেতো। বাবা ম'রে গেলেও মনে হতো—বাবাকে বাঁচাবার জন্য খুব চেষ্টা করেছি। বাঁচাতে পারিনি। জীবন্ত মাকে কত কষ্ট দিয়ে, শেষে তাঁর মৃত্যুর পর ষোড়শ উৎসর্গ, বৃষোৎসর্গ ইত্যাদি ব্যয়বাহুল্য কাজ ক'রে লোককে দেখাই—কেমন আমি থার্ড ক্লাস মায়ের ফার্ষ্ট ক্লাস ছেলে। আমাদের এই প্রকার ব্যবহার দেখে লোকেও হাসাহাসি করে পরলোকগত মাতৃ-আত্মাও না হেসে পারে না। সেইজন্য আমাদের দেশে একটা প্রবাদ প্রচলিত আছে—

"জ্যান্তে দেয় না ভাত কাপড়,
ম'লে করে দানসাগর।"

আদর্শ পিতৃভক্ত রামচন্দ্র তাঁর পরলোকগত পিতৃদেব মহারাজা দশরথের উদ্দেশে বনের ফুল, বনের তিল ইত্যাদি বনজ দ্রব্যের পিণ্ড দিয়ে মন্ত্র পাঠ করেছিলেন—

"ইদং ভুঙ্ক্ষ মহারাজ প্রীতো যদশনা বয়ম্
যদন্নঃ পুরুষো রাজন্ তদন্না পিতৃদেবতা।"

পুরুষ যে অন্নে দিনপাত করে তার পিতৃলোক দেবলোক সেই অন্নই পাইয়া তৃপ্তি লাভ করেন।

পিতা যা নিষেধ ক'রে গেছেন—তিনি তা কখনও করেন নাই। পিতার প্রিয় কর্ম্মই সাধন করেছেন।

—

## শিক্ষাব্রতী লরী পিষ্ট

গত ২১শে মার্চ্চ রবিবার অপরাহ্ণে বর্দ্ধমান প্রধান ডাকঘরের নিকটস্থ গ্রাণ্ডট্রাঙ্ক রোডের পার্শ্ব দিয়া শ্বশুর বাড়ী ফিরিবার কালে তরুণ শিক্ষাব্রতী শ্রীঅমরেন্দ্রনাথ দত্ত (৩০) এক দ্রুতগামী লরীর চাকায় পিষ্ট হইয়া সঙ্গে সঙ্গে প্রাণত্যাগ করেন। তাঁহার মাথাটি একেবারে চূর্ণ হইয়া রক্ত গঙ্গার সৃষ্টি করে। পতিবিধুরা স্ত্রীর আর্ত্তনাদে সমবেত বিরাট জনতা অশ্রু বিসর্জ্জন করিতে থাকে।

—

## ট্রেণের সময় পরিবর্ত্তন

নিম্নের সময়ানুযায়ী ১লা এপ্রিল হইতে ৩০শে সেপ্টেম্বর, ১৯৬৫ পর্য্যন্ত ট্রেণসমূহ জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে চলাচল করিবে।

আপ ট্রেণ (বারহারোয়া অভিমুখে)

| | | | | |
|---|---|---|---|---|
| ৩১৯নং কাঃ-বারহারোয়া | আসে | ৯-২৩ | ছাড়ে | ৯-৩১ |
| ৩৩৩নং হাওড়া ফরাক্কা | ,, | ১৫-১১ | ,, | ১৫-১৯ |
| ৩৪৫নং হাওড়া-বারঃ | ,, | ২০-৫৫ | ,, | ২১-০৪ |
| ৩৩১নং হাওড়া-গয়া | ,, | ১-০৭ | ,, | ১-১২ |
| ৩৪৭নং হাওড়া-ফরাক্কা | ,, | ৩-৫৪ | ,, | ৪-০৩ |

ডাউন ট্রেণ (হাওড়া অভিমুখে)

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৪৮নং ফরাক্কা-হাওড়া | আসে | ০-৫৬ | ছাড়ে | ১-০৬ |
| ৩৪৬নং বারঃ-হাওড়া | ,, | ৬-১২ | ,, | ৬-২২ |
| ৩৩৪নং ফরাক্কা-হাওড়া | ,, | ১২-৪৭ | ,, | ১২-৫৭ |
| ৩৮০নং বারঃ-কাটোয়া | ,, | ১৬-০৮ | ,, | ১৬-১৮ |
| ৩৩২নং গয়া-হাওড়া | ,, | ১৭-৫৭ | ,, | ১৮-০৫ |

—

## দোক্তা ব্যবহারে ক্যান্সার রোগ

ভারত সরকারের পারমাণবিক শক্তি দপ্তরের বার্ষিক বিবরণীতে প্রকাশ যে, মুখ ও গলায় ক্যান্সার রোগ ভারতে প্রসার লাভ করিয়াছে। দোক্তার ব্যবহারের মত কয়েকটি অভ্যাসের প্রত্যক্ষ ফল নাকি ইহাতে পরিলক্ষিত হইয়াছে। টাটা স্মৃতি হাসপাতালে ১২৫ জন রোগীর উপর পরীক্ষা চালাইয়া বিশেষজ্ঞরা এই সিদ্ধান্তে উপনীত হন।

—

## ট্রেণে চাপা পড়িয়া নিহত

গত ২৩শে মার্চ্চ অপরাহ্ণে প্রবল ঝড় ও বৃষ্টির মধ্যে অগ্রদ্বীপের নিকট রেলওয়ে ক্রসিং পার হইবার সময় দাঁইহাটের জনপ্রিয় চিকিৎসক ও বিশিষ্ট নাগরিক ডাঃ শম্ভুকালী ভট্টাচার্য্য, হাওড়া-গামী কাটোয়া প্যাসেঞ্জারে চাপা পড়িয়া ৫৫ বৎসর বয়সে পরলোকগমন করিয়াছেন। তিনি সাইকেল যোগে ডাকে বাহির হইয়াছিলেন, ঝড়ের মধ্যে তিনি ট্রেণের শব্দ শুনিতে না পাওয়ার জন্যই এই দুর্ঘটনা ঘটিয়াছে।

—

## পরিকল্পনা উৎসব

গত ৫ই এপ্রিল সোমবার বৈকালে রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্কে পরিকল্পনা উৎসব উপলক্ষে মুর্শিদাবাদের জেলা-শাসক শ্রীবিশ্বরূপ মুখোপাধ্যায় মহোদয় একটি প্রদর্শনীর উদ্বোধন করেন। উদ্বোধন সময়ে রঘুনাথগঞ্জ বালিকা বিদ্যালয়ের ছাত্রীগণ শঙ্খধ্বনি সহ জেলা-শাসক ও অতিথিবৃন্দকে স্বাগত সম্ভাষণ জানায়। এই অনুষ্ঠান উপলক্ষে আয়োজিত সভায় জেলা-শাসক শ্রীমুখোপাধ্যায় সভাপতির ও বহরমপুর কৃষ্ণনাথ কলেজের অধ্যক্ষ ডাঃ রামচন্দ্র পাল মহোদয় প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন। সভায় প্রায় দুই হাজার লোকের সমাবেশ হইয়াছিল। জঙ্গিপুরের মহকুমা-শাসক মহোদয় তিনটী পঞ্চ বার্ষিকী পরিকল্পনার মাধ্যমে মুর্শিদাবাদ জেলার ও জঙ্গিপুর মহকুমার শিক্ষা, জনস্বাস্থ্য কৃষি, সেচ প্রভৃতি বিষয়ের অগ্রগতি বিস্তারিত আলোচনা করেন। সভাপতি ও প্রধান অতিথি মহোদয়দ্বয় পরিকল্পনা সম্বন্ধে ভাষণ দেন। রাত্রে পশ্চিমবঙ্গ স্বরাষ্ট্র প্রচার দপ্তরের লোকরঞ্জন শাখা কর্ত্তৃক নৃত্য নাট্য 'চণ্ডালিকা' অভিনীত হয়। অভিনয় সর্ব্বাঙ্গসুন্দর হইয়াছিল। অভিনয় দেখিবার জন্য প্রায় পাঁচ সহস্র নরনারী ও বালক-বালিকা সমবেত হইয়াছিল। ৬ই এপ্রিল মঙ্গলবার রাত্রে উক্ত সংস্থা কর্ত্তৃক ভারতীয় নৃত্য প্রদর্শিত হয়। এই দিনও অগণিত দর্শকের সমাবেশ হইয়াছিল। ৭ই এপ্রিল রাত্রে প্রচার বিভাগের ছায়াচিত্র দেখান হয়। জেলা প্রচারাধিকারিক, মহকুমা প্রচারাধিকারিক ও প্রচার বিভাগের কর্ম্মিগণ উৎসব ক্ষেত্রে সুব্যবস্থার প্রতি বিশেষ লক্ষ্য রাখিয়াছিলেন।

---

## ভেজাল তৈলে দণ্ড

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটির খাদ্য-পরিদর্শক মহাশয়ের অভিযোগক্রমে ভেজাল সরিষার তৈল বিক্রয় করার অপরাধে জঙ্গিপুরের শ্রীশশাঙ্কশেখর সাহা অভিযুক্ত হন। জঙ্গিপুরের মহকুমা শাসক মহোদয়ের এজলাসে অপরাধী ৫০.০০ পঞ্চাশ টাকা অর্থদণ্ডে দণ্ডিত হইয়াছে।

---

## ডেভেলপমেণ্টের পিচ রাস্তা

সরকারী ডেভেলপমেণ্ট ফণ্ডের অর্থে জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর রঘুনাথগঞ্জের পারে বৃন্দাবন-বিহারী রোড ( ম্যাকেঞ্জি পার্ক যাইবার রাস্তা ), ওল্ড ট্রেঞ্চিং গ্রাউণ্ড রোড ( স্বর্গীয় ইন্দ্রচন্দ্র মুখোপাধ্যায়ের বাড়ীর উত্তর দিকের রাস্তা ), মহারাজা যোগীন্দ্রনারায়ণ রোড ও রঘুনাথগঞ্জ বাজারপাড়ার ষষ্ঠীতলা হইতে ছায়াবাণী সিনেমার নিকটস্থ হাই রোড পর্য্যন্ত রাস্তা পিচ ও পাথর দিয়া নির্ম্মাণ করা হইয়াছে। কিছুদিন মধ্যেই উক্ত রাস্তাগুলির পাথর উঠিয়া গিয়াছে ও যাইতেছে। কোন্ কোন্ কর্ত্তব্যপরায়ণ, ন্যায়নিষ্ঠ দেশদরদী ব্যক্তিদের সমাবেশে এই রাস্তাগুলির নির্ম্মাণ কার্য্য সমাধা হইয়াছে তাহা কর্ত্তৃপক্ষ অনুসন্ধান করুন এবং তাঁহাদের কৃতকর্ম্মের জন্য সমুচিত শাস্তির ব্যবস্থা করুন।

একেই বলে—পূর্ত্ত কর্ম্মের ধূর্ত্ততার
মূর্ত্ত বিকাশ।

---

## গৃহদাহ

দিন কয়েক পূর্ব্বে রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত বাড়ালা গ্রামের মুসলমান পল্লীতে আগুন লাগিয়া দুইজন গৃহস্থ সর্ব্বস্বান্ত হইয়াছে। গোয়াল ঘর ও খড়ের পালা পুড়িয়া নষ্ট হইয়া গিয়াছে।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১২ই এপ্রিল, ১৯৬৫

১৯৬৪ সালের ডিক্রীজারী

৪৪ মনি ডিঃ আফাতুল্লা সেখ দেং সাবদুল সেখ দিং দাবি ৭৭.০১ পয়সা থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ৮৩ শতকের কাত ৩।/০ তন্মধ্যে দেন্দারের ২১ শতক জমির হারাহারি খাজনা ৮/২ আঃ ২৫、 রায়ত স্থিতিবান স্বত্ব খং ৩৫১ ২নং লাট মৌজাদি ঐ ৩৩ শতকের কাত ২、 আঃ ২৫、 ঐ স্বত্ব খং ১৪১

---

### রঘুনাথগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয়ের

## দ্বিতল গৃহ বিক্রয়

রঘুনাথগঞ্জ শহরের মধ্যস্থলে সদর রাস্তার পার্শ্বে আট কাঠা জমির উপর অবস্থিত দুইখানি বড় হল ঘর সহ আঠারখানি ঘরযুক্ত দ্বিতল পোক্তা দালান বিক্রয় হইবে। ক্রয়েচ্ছু ব্যক্তিগণ বিস্তারিত বিবরণের জন্য নিম্নে অনুসন্ধান করুন।

সেক্রেটারী, রঘুনাথগঞ্জ উচ্চ মাধ্যমিক
বহুমুখী বিদ্যালয়।
পোঃ রঘুনাথগঞ্জ, জেলা- মুর্শিদাবাদ।

---

## বিশেষ বিজ্ঞপ্তি

**সাবধান! সাবধান!!**

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানানো যায় যে আমার পিতা স্বর্গীয় বরদাশঙ্কর ঠাকুর মহাশয় ৺কাশীবৃত্তি দেবত্রের সেবাইত ছিলেন এবং শেষ-জীবনে অক্ষমতাহেতু আমাকে একমাত্র সেবাইত নির্ব্বাচন করেন। জঙ্গীপুর ও লালবাগ এলাকায় তাঁহার নামীয় অর্থাৎ প্রকৃতপক্ষে ৺দেবত্রের সর্ব্ব-সম্পত্তিগুলির আদি তায়েদাদ বা সনন্দের বিবরণ না জানিয়া রিভিসন্যাল সেটেলমেণ্টের রেকর্ড দেখিয়াই কেহ তাহা ক্রয় বিক্রয় বা দখলের চেষ্টা করিলে বিশেষ অশান্তির আশঙ্কা আছে। ইতি—

৺কাশীবৃত্তি দেবত্রের বর্ত্তমান সেবাইত
শ্রীদুর্গাশঙ্কর ঠাকুর ( সন্তোষকুমার )
মঠবাড়ী বড়নগর
পোঃ আজিমগঞ্জ ( মুর্শিদাবাদ )

---

## টেণ্ডার নোটিশ

এতদ্দ্বারা বিড়ি সরবরাহকারী ঠিকাদারগণকে জ্ঞাত করা যাইতেছে যে, আগামী ১৩৭২ সালের ১লা বৈশাখ হইতে এক বৎসরের জন্য বিড়ি সরবরাহ করার জন্য টেণ্ডার আহ্বান করা হইতেছে। বিড়ি সরবরাহ করিতে ইচ্ছুক ঠিকাদারগণ ১৩৭১ সালের ৩০শে চৈত্রের মধ্যে শীল্ড টেণ্ডার অরঙ্গাবাদ বিড়ি ব্যবসায়ীগণের নিকট পৃথকভাবে দাখিল করিবেন।

আহ্বায়ক—অরঙ্গাবাদ বিড়ি মার্চ্চেণ্টস্
এসোসিয়েসনের পক্ষে সেক্রেটারী—
১৮।১২।৭১ শ্রীকানাইলাল শেঠী





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২





শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও
## সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬



# শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

ছায়াবাণী সিনেমার সম্মুখে

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

## চ্যবনপ্রাশ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ,
কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।